

**‘বরিশাল কর ভবন নির্মাণ’ শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত ‘প্রকল্প যাচাই কমিটি’ সভার কার্যবিবরণী**

সভার স্থান : জাতীয় রাজস্ব বোর্ড-এর সম্মেলন কক্ষ।  
তারিখ ও সময় : ৬ই আগস্ট, ২০১৭; বেলা ১২:০০ ঘটিকা।  
সভাপতি : জনাব মোঃ নজিবুর রহমান, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।  
উপস্থিত কর্মকর্তাবৃন্দ : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্রঃ	কর্মকর্তার নাম	পদবী	দপ্তর/সংস্থা
১।	জনাব মোঃ আবদুর রউফ	অতিরিক্ত সচিব	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
২।	জনাব মোঃ আব্দুর রাজ্জাক	সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ উন্নয়ন)	জাতীয় রাজস্ব বোর্ড
৩।	জনাব মোঃ আমিনুল বর চৌধুরী	যুগ্ম-সচিব	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
৪।	জনাব মোহাম্মদ জাহিদ হাছান	কর কমিশনার	বরিশাল কর অঞ্চল
৫।	ডঃ আবদুর রহিম	প্রথম সচিব (বোর্ড প্রশাসন)	জাতীয় রাজস্ব বোর্ড
৬।	জনাব রিপন কুমার রায়	নির্বাহী প্রকৌশলী	পিডব্লিউডি, বরিশাল
৭।	জনাব নন্দিতা রানী সাহা	নির্বাহী প্রকৌশলী	পিডব্লিউডি, প্রধান কার্যালয়
৮।	জনাব মোঃ আব্দুল আখের	সিনিয়র সহকারী প্রধান	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
৯।	জনাব মোঃ মেহেদী মাসুদ ফয়সাল	সহকারী কর কমিশনার	কর অঞ্চল বরিশাল

২.০ উপস্থাপনা ও আলোচনাঃ

২.১ সভাপতির আহ্বানে বিভাগের সিনিয়র সহকারী প্রধান সভার কার্যপত্র উপস্থাপন করে বলেন যে, সম্প্রতি অভ্যন্তরীণ সম্পদ বিভাগ দেশের সকল জেলায় কাস্টমস, ট্যাক্স ও সঞ্চয় অধিদপ্তরের নিজস্ব ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করেছে। এ লক্ষ্যে উচ্চ ক্ষমতাসম্পন্ন একটি কমিটিকে দেশের সকল জেলায় কাস্টমস, ট্যাক্স ও সঞ্চয় অধিদপ্তরের নিজস্ব নিষ্কটক জমি সরেজমিন পরিদর্শনপূর্বক সুপারিশের দায়িত্ব দেয়া হয়েছে। এ পরিপ্রেক্ষিতে আলোচ্য প্রকল্পটি প্রস্তাব করা হয়েছে। প্রকল্প প্রস্তাবে উল্লেখ করা হয়েছে যে, অনুমোদিত অর্গানোগ্রাম অনুযায়ী বরিশাল অঞ্চলে ২২টি সার্কেল রয়েছে। উক্ত সার্কেলের মধ্যে ১০টি সার্কেল অফিস, ৪টি রেঞ্জ অফিস এবং কর কমিশনারের দপ্তর বরিশাল নগরীতে অবস্থিত। অধিকন্তু, খুলনা আপীলাত রেঞ্জ-৪ ও বরিশালে অবস্থিত। নিজস্ব ভবন না থাকায় বরিশাল অঞ্চলে কর দপ্তরসমূহ ভাড়া বাড়িতে স্থাপন করা হয়েছে। রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এখন আয়কর মেলা, আয়কর দিবস ও আয়কর সপ্তাহের মতো জাতীয় পর্যায়ে নানা ইভেন্টস পালন করা শুরু হয়েছে। এ কারণে এ এলাকায় কর দপ্তরসমূহ সম্পূর্ণ নতুন আঞ্জিকে সার্ভিস সেন্টার স্থাপন করছে। কিন্তু নিজস্ব স্থাপনা তথা ভৌত অবকাঠামো না থাকায় ভাড়া বাড়িতে বর্ধিত কর আহরণের কর্মযজ্ঞ সুচারুরূপে সম্পাদন করা সম্ভব হচ্ছে না। এক্ষেত্রে নিরাপত্তার বিষয়টিও সমানভাবে গুরুত্বপূর্ণ। এ সব কারণে এবং কর দপ্তরসমূহে কাজের সুষ্ঠু পরিবেশ সৃষ্টি ও কর দাতাগণকে অধিকতর সেবা প্রদানের লক্ষ্যে বরিশাল মহানগরীতে নিজস্ব ০.৬৫ একর জমিতে ১০ তলা বিশিষ্ট ‘বরিশাল কর ভবন’ নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এতে অত্যাধুনিক লিফ্ট, স্ট্যান্ডবাই বিদ্যুৎ জেনারেটর, বৈদ্যুতিক সাব-স্টেশন, শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা, অগ্নি নির্বাপক ব্যবস্থা, পানি সরবরাহ, বৃষ্টির পানি ধারণসহ অন্যান্য ভৌত নির্মাণের সংস্থান রয়েছে। প্রকল্প প্রস্তাবটি পাওয়ার পর অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পক্ষ হতে এটি সরেজমিন পরিদর্শন করা হয়েছে এবং প্রকল্প প্রস্তাবের যথার্থতা পরিলক্ষিত হয়েছে।

২.২ আলোচনায় অংশ নিয়ে সভাপতি মহোদয় বলেন যে, প্রকল্প প্রস্তাবনায়, বিশেষকরে প্রকল্পের পটভূমিতে প্রদত্ত তথ্যাদি হালনাগাদ থাকা সমীচীন হবে। অধিকন্তু, তিনি নির্মিতব্য ভবনের সামনে জাতির পিতার একটি মান সম্পন্ন ম্যুরাল স্থাপন এবং কর ভবনে একটি ট্যাক্স আর্কাইভ স্থাপনের সংস্থান রাখারও পরামর্শ দেন। সভায় অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সহকারী প্রধান বলেন যে, প্রস্তাবিত প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৫০ কোটি টাকার কম হওয়ায় প্রকল্পে পূর্ণকালীন প্রকল্প পরিচালকের পরিবর্তে বরিশাল কর অঞ্চলের অতিরিক্ত কর কমিশনারকে নিজ দায়িত্বের অতিরিক্ত প্রকল্প পরিচালকের দায়িত্ব প্রদান করা যায়। একই সাথে অন্যান্য পূর্ণকালীন জনবলও বাদ দিয়ে কর অঞ্চলের রাজস্ব খাতে নিয়োজিত জনবলকে সংযুক্তি/অতিরিক্ত দায়িত্ব প্রদান করা সম্ভব হবে। এর ফলে, প্রকল্পে প্রস্তাবিত জনবল খাতে সংস্থানকৃত অর্থ অতিপ্রয়োজনীয় অন্যান্য খাতে সমন্বয় করা সম্ভব হবে। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। আসবাবপত্র খাতে বাস্তবভিত্তিক অর্থ সংস্থানের বিষয়েও একমত পোষণ করা হয়। সভায় পটুয়াখালী কর ভবন নির্মাণের

জন্য প্রকল্প গ্রহণের বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় বরিশাল কর অঞ্চলের কর কমিশনারকে পরবর্তি এক মাসের মধ্যে উক্ত প্রকল্পের ডিপিপি প্রস্তুতপূর্বক এনবিআর-এর মাধ্যমে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। অতঃপর প্রস্তাবিত ডিপিপি'র ওপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

### ৩.০ সিদ্ধান্তঃ

বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ৩.১ প্রস্তাবিত ভবনের সামনে জাতির জনকের একটি মান সম্পন্ন ম্যুরাল স্থাপন এবং কর ভবনে একটি ট্যাক্স আর্কাইভ স্থাপনের সংস্থান রাখতে হবে;
- ৩.২ ডিপিপি'র দ্বিতীয় অংশে প্রয়োজনীয় হালনাগাদ তথ্যাদি উল্লেখ করে পটভূমির বর্ণনা দিতে হবে;
- ৩.৩ ডিপিপি'তে রাজস্ব অংশে অনেকগুলো খাতে পরিমানের ঘরে 'থোক' উল্লেখ করা হয়েছে। সম্ভব সকল ক্ষেত্রে সুনির্দিষ্ট পরিমাণ/সংখ্যা উল্লেখ করতে হবে;
- ৩.৪ ডিপিপি'তে বেশ কিছু মুদ্রণজনিত প্রমাদ রয়েছে যা পরিকল্পনা শাখার সাথে আলোচনা করে সংশোধন করতে হবে;
- ৩.৫ ডিপিপি'তে প্রকল্প পরিচালকসহ প্রস্তাবিত পূর্ণকালীন জনবল বাদ দিয়ে বিদ্যমান জনবলকে প্রকল্প বাস্তবায়নের অতিরিক্ত দায়িত্ব দেয়ার বিষয়টি প্রকল্পের ডিপিপি'তে সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে;
- ৩.৬ প্রকল্প পরিচালক হিসেবে (নিজ দায়িত্বের অতিরিক্ত) বরিশাল কর অঞ্চলের অতিরিক্ত কর কমিশনারকে দায়িত্ব অর্পণ করতে হবে;
- ৩.৭ প্রকল্পের ডিপিপি'তে প্রয়োজনীয় আসবাবপত্রের সংস্থান রাখতে হবে;
- ৩.৮ উপরোক্ত (৩.১ হতে ৩.৭) সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি দ্রুততার সঙ্গে এনবিআর-এর মাধ্যমে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে; এবং
- ৩.৯ পটুয়াখালী কর ভবন নির্মাণের লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি বরিশাল কর অঞ্চলের কর কমিশনার পরবর্তি এক মাসের মধ্যে এনবিআর-এর মাধ্যমে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

২। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত/=  
(মোঃ নজিবুর রহমান)  
সিনিয়র সচিব

নং ০৮.০০.০০০০.০৩৯.১৪.০০৬.১৬-২০৮

তারিখঃ ১৭.০৮.২০১৭ খ্রিঃ

### বিতরণঃ

- ০১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা (দৃঃ আঃ জনাব নন্দিতা রানী সাহা, নির্বাহী প্রকৌশলী)।
- ০৪। যুগ্ম-সচিব (পরিকল্পনা), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। কর কমিশনার, বরিশাল কর অঞ্চল, বরিশাল।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, বরিশাল।

  
মোঃ আব্দুল আখের  
সিনিয়র সহকারী প্রধান  
ফোনঃ ৯৫৫৪৪৮২